

ঢাকা কলেজে দুই সাংবাদিক নির্যাতন: ছাত্রলীগের ৬ কর্মী বহিষ্কার

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ০১ অক্টোবর ২০২৩, ০০:৫৫



ঢাকা কলেজে দুই সাংবাদিক নির্যাতনের ঘটনায় ছয় ছাত্রলীগ নেতাকে বহিষ্কার করেছে কেন্দ্রীয় ছাত্রলীগ। কেন্দ্রীয় দপ্তর সম্পাদক মেফতাহুল ইসলাম পান্থ স্বাক্ষরিত এক বিবৃতিতে শনিবার দিবাগত রাতে এ তথ্য জানানো হয়।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ ছাত্রলীগ, কেন্দ্রীয় নির্বাহী সংসদের জরুরি সিদ্ধান্ত মোতাবেক জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রেক্ষিতে সংগঠনবিরোধী, শৃঙ্খলা পরিপন্থী, অপরাধমূলক এবং সংগঠনের মর্যাদা ক্ষুণ্ণ হয় এমন কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে রাউফুর রহমান সোহেল (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), এ বি এম আলামিন (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), সজিব আহসান (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), আবরার হোসাইন সাগর (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), সৈয়দ আব্দুল্লাহ শুভ (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা) ও ফাহিমদ হাসান পলাশ (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা) কে বাংলাদেশ ছাত্রলীগ থেকে বহিষ্কার করা হলো।

☐ শিক্ষা ☐ শান্তি ☐ প্রগতি

☐ জয় বাংলা ☐ জয় বঙ্গবন্ধু


বাংলাদেশ ছাত্রলীগ

কেন্দ্রীয় নির্বাহী সংসদ

২৩, বঙ্গবন্ধু এভিনিউ (৩য় তলা), ঢাকা-১০০০

Web: www.bsl.org.bd, E-mail: office@bsl.org.bd




সূত্র :

তারিখ : ১০/০১/২০২৩

বিজ্ঞপ্তি

বাংলাদেশ ছাত্রলীগ, কেন্দ্রীয় নির্বাহী সংসদের জরুরি সিদ্ধান্ত মোতাবেক জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রেক্ষিতে সংগঠনবিরোধী, শৃঙ্খলা-পরিপন্থী, অপরাধমূলক এবং সংগঠনের মর্যাদা ক্ষুণ্ণ হয় এমন কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে রাউফুর রহমান সোহেল (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), এ বি এম আলামিন (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), সজিব আহসান (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), আবরার হোসাইন সাগর (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা), সৈয়দ আব্দুল্লাহ শুভ (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা) ও ফাহিমদ হাসান পলাশ (কর্মী, বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা কলেজ শাখা) কে বাংলাদেশ ছাত্রলীগ থেকে বহিষ্কার করা হলো।


৩০/০১/২০২৩

মেফতাহুল ইসলাম পাছ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ ছাত্রলীগ

উল্লেখ্য,এর আগে ঢাকা কলেজের সাংবাদিক সমিতির দফতর সম্পাদক বাংলা ট্রিবিউনের প্রতিনিধি ওবায়দুর সাঈদ ও সমিতির সদস্য ও ডেইলি বাংলাদেশের প্রতিনিধি ফয়সাল আহমেদকে আটক রেখে গেস্টরুমে নির্যাতন করা হয়।